



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

উপবৃত্তি অগ্রাধিকার

জরুরী



স্মারক : ৩৮.০১.০০০০.১৯৩.১৪.০১১(২/২).২০২১- ২৩৬৩

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৯ ব.
১২ মে ২০২২ খ্রি.

বিষয়: ২০২১-২২ অর্থ বছরের G2P পদ্ধতিতে EFT-এর মাধ্যমে সুবিধাভোগী মা/অভিভাবকগণের একাউন্টে উপবৃত্তির অর্থ বিতরণের লক্ষ্যে শিক্ষার্থীর জন্ম নিবন্ধন নম্বর (BRN) এবং মা, বাবা কিংবা বৈধ অভিভাবকগণের NID নম্বর হালফিল করণ প্রসঙ্গে।

- সূত্র: (i) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০২.২১-৯৩৯, তারিখ: ০৭/০৫/২০২২
(ii) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৮.০০.০০০০.০০৬.২০.১৩৬.১৮.১৪৪, তারিখ: ১০/০৫/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, G2P পদ্ধতিতে EFT-এর মাধ্যমে ২০২১-২২ অর্থ বছরের উপবৃত্তির অর্থ সুবিধাভোগী মা, বাবা কিংবা বৈধ অভিভাবকগণের মোবাইল একাউন্টে বিতরণের জন্য অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের iBAS++ ও BACS স্কিম এর সহায়তায় প্রস্তুতকৃত PESP MIS পোর্টালে নির্ধারিত ১১টি উপজেলার ডাটা এন্ট্রির পাইলটিং কার্যক্রম প্রায় শেষ পর্যায়ে। চলতি অর্থবছর শেষ পর্যায়ে বিধায় অন্যান্য সকল উপজেলায় শিক্ষার্থীদের হালনাগাদ তথ্য PESP MIS পোর্টালে এন্ট্রির কাজ দ্রুততার সাথে সম্পাদন ও সকল সুবিধাভোগীদের নিকট উপবৃত্তির অর্থ জরুরী ভিত্তিতে বিতরণের নির্দেশনা রয়েছে। এ লক্ষ্যে আগামী ১৬/০৫/২০২২ তারিখ থেকে PESP MIS পোর্টালে ডাটা এন্ট্রি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। কিন্তু যে সকল শিক্ষার্থীর জন্ম নিবন্ধন নম্বর (BRN) নাই এবং মা, বাবা কিংবা বৈধ অভিভাবকদের NID নম্বর নাই তাদের তথ্য PESP MIS পোর্টালে এন্ট্রি করা সম্ভব নয়।

২। বর্ণিত প্রেক্ষাপটে G2P পদ্ধতিতে EFT-এর মাধ্যমে উপবৃত্তির অর্থ বিতরণের জন্য সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার এবং উপজেলা/থানা শিক্ষা অফিসারগণের তত্ত্বাবধানে দ্রুততার সাথে অভিভাবকদের মাধ্যমে শিক্ষার্থীদের জন্ম নিবন্ধন নম্বর (BRN) নাই এবং মা, বাবা কিংবা প্রয়োজ্য ক্ষেত্রে বৈধ অভিভাবকগণের NID নম্বর সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।
বিষয়টি অতীব জরুরী।

(মোঃ বদিয়ার রহমান)
পরিচালক (যুগ্ম সচিব)
আইএমডি ও উপবৃত্তি
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

dirpesd.dpe@gmail.com

উপজেলা/থানা শিক্ষা অফিসার, (সকল)।
-----থানা/উপজেলা।

স্মারক : ৩৮.০১.০০০০.১৯৩.১৪.০১১(২/২).২০২১-

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৯ ব.
১২ মে ২০২২ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৩. বিভাগীয় উপপরিচালক (সকল),-----বিভাগ।
৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল),-----জেলা।
৫. অফিস কপি।

পরিচালক
আইএমডি ও উপবৃত্তি
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর